রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১০.২৩-৬৭ তারিখঃ ২৭/০৬/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ** চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

যেহেতু আপনি জনাব মো: আমিনুর ইসলাম আমিন (আইডি নং-৮৩১২২৫০০১), সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট এর বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ, মিথ্যা কথা বলা, দাপ্তরিক গোপনীয় ও গুরুত্বপূর্ণ নথিপত্র পাচার করে অনৈতিক সুবিধা গ্রহন, অসদাচরণ, দায়িত্ব পালনে অবহেলা ও উর্ধ্বতন কর্মকর্তা নির্দেশ পালনে অবজ্ঞা এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট কর্তৃক এনআই অ্যাক্ট ১৮৮১ এর ১৩৮ ধারায় সমন জারির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করার অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১০.২৩-৬৪ তারিখ- ২৬/০৭/২৩ খ্রি: এর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ, ৪৮(গ) পলায়ন, ৪৮(চ) প্রতারণার অভিযোগে আপনার বিরুদ্ধে চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক ৫২(১) (খ) অনুযায়ী কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযোগনামাটি রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে প্রেরন করা হলে "আপনি কর্মস্থলে দীর্ঘদিন যাবত অনুপস্থিত আছেন"- এরূপ মন্তব্যসহ অত্র দপ্তরে ফেরত আসে। এমনকি অভিযোগনামাটি রেজিস্টার ডাকযোগে আপনার স্থায়ী ঠিকানায় পাঠানো হলেও সেখান থেকেও ফেরত আসে। অভিযোগনামায় ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও আপনি অভিযোগনামায় আনীত অভিযোগের জবাব দাখিল করেন নি এবং সময় বৃদ্ধির আবেদনও করেন নি। তথ্যপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২) (গ) মোতাবেক অত্র পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১০.২৩-৯৬(ক) তারিখ- ২৩/১০/২৩ খ্রি: মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি ১৮ (আঠারো) মাসের অধিক সময়ে একটানা উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দপ্তরে অনুপস্থিতি তথা পলায়ন, অসদাচরণ, দায়িত্ব পালনে অবহেলা ও উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশ পালনে অবজ্ঞা প্রভৃতি অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ, ৪৮(গ) পলায়ন এবং ৪৮(চ) প্রতারণার শামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবো'র চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না তা প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-১১২ (এক শত বার) পাতা।

২৭/০৬/২০২৪

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

E:\Ripon\O. O. for dismissal\Lalmonirhat.doc1

প্রাপক,
জনাব মো: আমিনুর ইসলাম আমিন (আইডি নং-৮৩১২২৫০০১),
সহকারী রাজস্ব কর্মকর্তা,
লালমনিরহাট পওর বিভাগ,
বাপাউবো, লালমনিরহাট

স্থায়ী ঠিকানা
পিতাঃ মো: আব্দুল জলিল
গ্রামঃ বল্লভপুর
ডাকঘরঃ নাগেশ্বরী (৫৬৬০)
থানাঃ নাগেশ্বরী
জেলাঃ কুড়িগ্রাম

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৭০৫৮ তারিখঃ ২৭/৫/২৪
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন
■ নথিতে রাখুন
২৯/০৫/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Ripon\O. O. for dismissal\Lalmonirhat.doc2